দৈনিক বাংলা

তারিখ ... 5.12.79 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

00 069

## বিশ্ববিদ্যালয় কর্মচারী ধর্মঘট পিছিয়েছে

গতকাল বাংলাদেশ আন্তঃ বিশ্ববিদ্যালয় কর্মচারী সংগ্রাম পরিষদের এক সভায় ৫ই ডিসেম্বরের পরিবর্তে ১৪ই ডিসেম্বর থেকে কর্মবিরতি শুরু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।

## ডাক্তারদের প্রতীক ধর্মঘট

(স্টাফ রিপোর্টার)

বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশনের আহ্বানে চার দফা দাবী আদায়ের জন্যে গতকাল রাজধানী ঢাকাসহ দেশের সব কটি মেডিক্যাল কলেজ হাসপাতাল ও হাসপাতালের চিকিৎসকগণ ৩ ঘন্টার প্রতীক ধর্মঘট পালন করেছেন। প্রশাসনিক চিকিৎসকগণ এই ধর্মঘটে অংশ গ্রহণ করেননি। সকাল ৯টা থেকে দুপুর বারটা পর্যন্ত এই প্রতীক ধর্মঘট চলে। ধর্মঘট চলাকালীন সময়ে জরুরী চিকিৎসাকাজ চালানোর জন্যে বিশেষ স্কোয়াড গঠন করা হয়েছিল।